**Please print the letter below and photocopy onto school letterhead before distribution**

সাম্প্রতিক কম্যুনিটি অনুষ্ঠানগুলো সম্পর্কে পিতামাতাদের কাছে চিঠি
Letter to parents regarding recent community events

প্রিয় অভিবাবক/পরিচর্যাকারী

সাম্প্রতিক কম্যুনিটি অনুষ্ঠানগুলোর প্রতিক্রিয়ায় আপনার স্কুল নিম্নোক্ত পদক্ষেপগুলো গ্রহণ করেছিল।

শিক্ষার্থীদের পূণঃনিশ্চিত করা হয়েছিল যে স্কুলে সকলের জন্যই নিরাপদ পরিবেশ অব্যাহত থাকবে। শিক্ষার্থীদের ছাত্রছাত্রী কল্যান ও জাতিগত বিদ্বেষ সম্পর্কিত নীতিমালা সম্পর্কে মনে করিয়ে দেওয়া হয়েছিল যেগুলো নিশ্চিত করে যে যদি তারা ব্যক্তিগতভাবে কোনো হয়রানির সম্মুখিন হয় তবে তাদের সহযোগিতা দেওয়া হবে।

শিক্ষার্থীদের তাদের অনুভূতি সম্পর্কে কথা বলার সুযোগ দেওয়া হয়েছিল এবং মনে করিয়ে দেওয়া হয়েছিল যে যদি তারা উদ্বিগ্ন কিংবা বিচলিত হয় তাহলে তারা স্কুল কাউন্সেলর বা স্কুলের অন্যান্য কর্মীদের শরণাপন্ন হতে পারে। যদি কোনো শিক্ষার্থীর এটির প্রয়োজন হয় তবে তাকে সার্বক্ষনিক সহায়তা প্রদান করা হবে।

এই অনুষ্ঠানগুলো নিয়ে আপনি যদি আপনার সন্তানের সাথে কথা বলেন এবং স্কুল ও বৃহত্তর সম্প্রদায় উভয় জায়গাতে সকলের প্রতি সবসময় সহনশীল ও যত্নশীল হতে তাদের উৎসাহিত করেন তবে ভাল হয়।

যেসকল শিশু কঠিন পরিস্থিতির মোকাবেলা করছে তাদের জন্য বাড়ীতে স্বাভাবিক রুটিন ও আগ্রহের ব্যাপারগুলো বজায় রাখা উপকারী।

আপনার সন্তানের জন্য কোনো বিশেষ উদ্বেগ থাকলে অনুগ্রহ করে স্কুলের সাথে যোগাযোগ করুন এবং এক্ষেত্রে যত দ্রুত সম্ভব সহযোগিতা প্রদান করা হবে।

স্কুলের সাথে যোগাযোগে সহায়তার জন্য যদি আপনার একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন ইন্টারপ্রেটার সার্ভিসকে ফোন করে আপনার ভাষায় একজন দোভাষী চেয়ে নিন। আপনার কথোপকথনে সহায়তার জন্য অপারেটর ফোন লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করে দেবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনো টাকা দিতে হবে না।

আপনার একান্ত

অধ্যক্ষ (Principal)